

ইসলামী বিশ্ববিদ্যালয়ে উপ-উপাচার্য ও কোষাধ্যক্ষ নিয়োগ

বিশ্ববিদ্যালয়
প্রতিবেদক

০২ ডিসেম্বর,
২০২৪ ১৬:৩২

শেয়ার

অ +

অ -



অধ্যাপক ড. ইয়াকুব আলী ও অধ্যাপক ড. জাহাঙ্গীর আলম। ছবি : সংগৃহীত

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) নতুন উপ-উপাচার্য ও কোষাধ্যক্ষ নিয়োগ দেওয়া হয়েছে। উপ-উপাচার্য পদে আল-কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. ইয়াকুব আলী এবং কোষাধ্যক্ষ পদে অর্থনীতি বিভাগের

অধ্যাপক ড. জাহাঙ্গীর আলম নিয়োগ পেয়েছেন। আগামী ৪ বছর তারা দায়িত্ব পালন করবেন।

সোমবার (২ ডিসেম্বর) রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের আদেশক্রমে শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব শাহিনুর ইসলামের স্বাক্ষরিত পৃথক দুই প্রজ্ঞাপনের মাধ্যমে বিষয়টি জানানো হয়।

রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে ইসলামী বিশ্ববিদ্যালয় আইন-১৯৮০ এর ১০(১) ধারা অনুসারে এসব পদে নিয়োগ দেওয়া হয়েছে বলে প্রজ্ঞাপনে উল্লেখ রয়েছে।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, উভয় পদে নিয়োগের মেয়াদ যোগদানের তারিখ থেকে ৪ বছর হবে। এ পদে তারা বর্তমান পদের সমপরিমাণ বেতন-ভাতাদি প্রাপ্য হবেন। বিধি অনুযায়ী পদসংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন এবং সার্বক্ষণিক বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থান করবেন।

বিশ্ববিদ্যালয়ের সংবিধি ও আইন দ্বারা নির্ধারিত ও ভাইস চ্যান্সেলর কর্তৃক প্রদত্ত ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন। রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে যেকোনো সময় এ নিয়োগ বাতিল করতে পারবেন।

প্রসঙ্গত, গণঅভ্যুত্থানের পরে গত ৮ আগস্ট পদত্যাগ করেন বিশ্ববিদ্যালয়টির সাবেক উপ-উপাচার্য অধ্যাপক ড.

মাহবুবুর রহমান এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. আলমগীর হোসেন ভুঁইয়া। এর পর থেকে পদ দুটি শূন্য অবস্থায় ছিল।